Cosmo School

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বাংলা ২য় পত্র**

# বাক্য

১. এক বা একাধিক পদের দ্বারা যখন বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশ পায়, তখন তাকে কী বলে?
ক) বচন খ) বাক্য
গ) শব্দ ঘ) ভাষা

২. সাধারণত কী দিয়ে বাক্য গঠিত হয়?
ক) কর্তা ও কর্ম খ) কর্তা ও ক্রিয়াপদ
গ) কর্ম ও ক্রিয়াপদ ঘ) কর্তা, কর্ম ও ক্রিয়াপদ

৩. বাক্যের 'একক' কী?
ক) উক্তি খ) বিভক্তি
গ) উপসর্গ ঘ) শব্দ

৪. সাধারণত কোন কোন পদে বাক্য গঠিত হয়?
ক) কর্তা ও কর্ম খ) কর্তা ও ক্রিয়া
গ) শুধু ক্রিয়া ঘ) কর্তা, কর্ম ও ক্রিয়াপদ

৫. একটি সার্থক বাক্যের কয়টি গুণ বা বৈশিষ্ট্য থাকা প্রয়োজন?
ক) দুটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি

৬. বাক্যস্থিত পদসমূহের অর্থগত ও ভাবগত মেলবন্ধনের নাম কী?
ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা
গ) পূর্ণতা ঘ) যোগ্যতা

৭. বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?
ক) আকাঙ্ক্ষা খ) আসত্তি
গ) যোগ্যতা ঘ) সরলতা

৮. আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা -বাক্যের কী?
ক) অংশ খ) ধরণ
গ) গুণ ঘ) প্রকারভেদ

৯. 'হাতিগুলো আকাশে উড়ছে'- বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে?
ক) আসত্তির খ) আকাঙ্ক্ষার
গ) গঠনের ঘ) যোগ্যতার

১০. বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে বলে-
ক) আকাঙ্ক্ষা খ) যোগ্যতা
গ) আসত্তি ঘ) অর্থ সঙ্গতি

১১. 'বাবা বাজার ইলিশ থেকে এনেছেন'- এ বাক্যটিতে কোন গুণটির অভাব আছে?
ক) আকাঙ্ক্ষা খ) আসত্তি
গ) যোগ্যতা ঘ) অর্থবাচকতা

১২. বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?
ক) আকাঙ্ক্ষা খ) আসত্তি
গ) আকুতি ঘ) আক্ষেপ

১৩. বাক্যের মৌলিক উপাদান কী?
ক) যোগ্যতা খ) আসত্তি
গ) আকাঙ্ক্ষা ঘ) শব্দ

১৪. 'আমি বহুবার স্কুল পালিয়েছি কিন্তু রবীন্দ্রনাথ হতে পারি নি'- গঠন অনুসারে বাক্যটি-
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) আশ্রিত খণ্ড বাক্য

১৫. বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয়, তাকে কী বলে?
ক) উদ্দেশ্য খ) বিধেয়
গ) সরল বাক্য ঘ) জটিল বাক্য

১৬. বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয়, তাকে কী বলে?
ক) উদ্দেশ্য খ) বিধেয়
গ) সরল বাক্য ঘ) জটিল বাক্য

১৭. একটি উদ্দেশ্য ও একটি বিধেয় যদি অন্য কোনো বৃহত্তর অংশের বাক্যরূপে ব্যবহৃত হয়, তখন তাকে কী বলে?
ক) খণ্ডবাক্য খ) খণ্ডিত বাক্য
গ) অংশ বাক্য ঘ) অঙ্গ বাক্য

১৮. 'শিমুল মাঠে খেলতে গেল।'- এখানে 'বিধেয়' কোনটি?
ক) শিমুল খ) খেলতে গেল
গ) মাঠে খেলতে গেল ঘ) মাঠে

১৯. খণ্ডবাক্য কয় রকমের হয়?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

২০. অধীন খণ্ডবাক্য কয় রকমের হয়?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

২১. বিশেষণ স্থানীয় অধীন খণ্ডবাক্যের উদাহরণ কোনটি?
ক) আমি বাড়ি গিয়ে দেখলাম, সবার খাওয়া হয়ে গেছে
খ) যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে
গ) যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চল রে
ঘ) আমি হাটে গিয়ে দেখলাম, মাংস শেষ হয়ে গিয়েছে

২২. যে বাক্যে একটি কর্তা বা উদ্দেশ্য ও একটিই সমাপিকা ক্রিয়া থাকে, তাকে বলে-
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) স্বাধীন বাক্য

২৩. গঠন অনুসারে বাক্য কত প্রকার?
ক) তিন খ) চার
গ) পাঁচ ঘ) ছয়

২৪. "জ্ঞানী লোক সকলের শ্রদ্ধা পান।"- এটি কোন বাক্য?
ক) জটিল খ) সরল
গ) যৌগিক ঘ) বিযুক্ত বাক্য

২৫. জটিল বাক্যের অন্য নাম কী?
ক) সরল বাক্য খ) মিশ্র বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) প্রধান খণ্ড বাক্য

২৬. দুই বা তার অধিক সরল বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে কী বলে?
ক) মিশ্র বাক্য খ) স্বাধীন খণ্ডবাক্য
গ) যৌগিক বাক্য ঘ) অধীন খণ্ডবাক্য

২৭. নিচের কোনটি যৌগিক বাক্য?
ক) যখন বিপদ আসে, তখন দুঃখও আসে
খ) লোকটি ধনী কিন্তু কৃপণ
গ) আমি বহু কষ্টে সাঁতার শিখেছি
ঘ) সূর্য পূর্ব দিকে উদিত হয়

২৮. 'বিপদ এবং দুঃখ একই সাথে আসে'- বাক্যটির জটিল বাক্য কোনটি?
ক) যখন বিপদ আসে, তখন দুঃখ আসে
খ) যখন বিপদ আসে, তখন দুঃখও আসে
গ) বিপদ যখন আসে, দুঃখ তখন আসে
ঘ) বিপদ যখন আসে, দুঃখ তখনই আসে

২৯. "লোকটি গরিব কিন্তু সৎ"- এটি কোন ধরণের বাক্যের উদাহরণ?
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য

৩০. 'যতই করবে দান, ততই যাবে বেড়ে।'- এটি কোন বাক্য?
ক) সরল বাক্য খ) মিশ্র বাক্য
গ) যৌগিক বাক্য
ঘ) একই সাথে জটিল ও যৌগিক বাক্য

৩১. "তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।"- এটি কোন বাক্য?
ক) যৌগিক বাক্য খ) সাধারণ বাক্য
গ) মিশ্র বাক্য ঘ) সরল বাক্য

৩২. নিচের কোনটি যৌগিক বাক্য?
ক) যখন বিপদ আসে, তখন দুঃখও আসে
খ) আমি বহুকষ্টে সাঁতার শিখেছি
গ) লোকটি গরিব কিন্তু মেধাবী
ঘ) সূর্য পূর্ব দিকে উদিত হয়

৩৩. যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে কী বলে?
ক) জটিল বাক্য খ) যৌগিক বাক্য
গ) সরল বাক্য ঘ) আশ্রিত খণ্ডবাক্য

৩৪. "জ্ঞানী লোক সকলের শ্রদ্ধা পান।" এটি কোন বাক্য?
ক) জটিল খ) সরল
গ) বিযুক্ত বাক্য ঘ) যৌগিক

৩৫. নিচের কোনটি যৌগিক বাক্যের উদাহরণ?
ক) যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে
খ) যখন বিপদ আসে, তখন দুঃখও আসে
গ) লোকটি ধনী কিন্তু কৃপণ
ঘ) জগতে অসম্ভব বলে কিছু নেই

৩৬. "যিনি পরের উপকার করেন, তাঁকে সবাই শ্রদ্ধা করে।"- এটি কোন ধরনের বাক্য?
ক) সরল বাক্য
খ) মিশ্র বাক্য
গ) যৌগিক বাক্য
ঘ) একই সাথে যৌগিক ও সরল বাক্য

৩৭. 'তাঁর টাকা আছে কিন্তু তিনি দান করেন না'- এটি কী ধরনের বাক্য?
ক) মিশ্র বাক্য খ) সরল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) আশ্রিত খণ্ড বাক্য

৩৮. "আমি বহুবার স্কুল পালিয়েছি কিন্তু রবীন্দ্রনাথ হতে পারিনি।"- গঠন অনুসারে বাক্যটি-
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) আশ্রিত খণ্ড বাক্য

৩৯. নিচের কোনটি জটিল বাক্যের উদাহরণ?
ক) তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তার অন্তঃকরণ অতিশয় উচ্চ
খ) মিথ্যা কথা বলি না কিন্তু বিপদে পড়েছি
গ) সত্য কথা না বলে বিপদে পড়েছি
ঘ) যদিও তিনি অত্যন্ত দরিদ্র, তথাপি তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ

৪০. নিচের কোনটি জটিল বাক্য?
ক) তিনি ধনী এবং কৃপণ
খ) ধনীরা প্রায়ই কৃপণ হয়
গ) কৃপণেরাই ধনী হয়
ঘ) যারা ধনী, তারা প্রায়ই কৃপণ হয়

৪১. জটিল বাক্যের অপর নাম কী?
ক) যৌগিক খ) মিশ্র
গ) সরল ঘ) বিধেয়

৪২. 'দুঃখ এবং বিপদ এক সাথে আসে'- এটি কোন ধরনের বাক্য?
ক) সরল খ) জটিল
গ) যৌগিক ঘ) প্রশ্নবোধক